# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/নরসিংদী-৬৫/১২৩ তারিখ: ১০ আশ্বিন ১৪৩২ / ২৫ সেপ্টেম্বর ২০২৫

বিষয় : জনাব মনিরুজ্জামানকে সুপার পদে পুনর্বহাল করা প্রসঙ্গে।

সূত্র : ১। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৬৫৭৯/২০১০ এর আদেশ;
২। নং সংস্থা/৩৫৩/৮/এ-৮(বাস্তবায়ন) তারিখ: ৩০/০৬/২০১০ ইং;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নরসিংদী জেলার সদর উপজেলাধীন ইউএমসি দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসার বরখাস্তকৃত সুপার জনাব মনিরুজ্জামানকে স্বপদে পুনর্বহালসহ বিগত ১৬ বছর যাবৎ অন্যায়ভাবে বেতন-ভাতা বন্ধের প্রতিকার চেয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মনিরুজ্জামান আবেদন করেন। জনাব মনিরুজ্জামান তার আবেদনে উল্লেখ করেছেন ২০০৮ সালে একটি পক্ষপাতমূলক বানোয়াট অডিট রিপোর্ট এর ভিত্তিতে কোন রকম কারণ দর্শানো বা সাময়িক বরখাস্ত ব্যতিরেকে জনাব মনিরুজ্জামান এর সরাসরি বেতন-ভাতা বন্ধ করা হয়েছে। বেতন-ভাতা বন্ধের বিরুদ্ধে জনাব মনিরুজ্জামান সুপ্রীম কোর্টে রিট পিটিশন নং-১০০৭৫/২০০৮ মামলা দায়ের করেন। মামলার রায়ে বেতন-ভাতা ছাড় করণের জন্য রায় প্রদান করা হয়। পরবর্তীতে উক্ত রায়ের বিরুদ্ধে মাদ্রাসা কর্তৃপক্ষ আপীল করলে আপীলেও জনাব মনিরুজ্জামান এর পক্ষে রায় হয়।

পরবর্তীতে মাদ্রসা কর্তৃকপক্ষ জনাব মনিরুজ্জামানকে সাময়িক ও চূড়ান্ত বরখাস্ত করে অনুমোদনের জন্য বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন করা হয়। আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারক পত্রে জনাব মনিরুজ্জামান এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদন দেওয়া হয়। চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের বিরুদ্ধে জনাব মনিরুজ্জামান মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৬৫৭৯/২০১০ দাখিল করেন। উক্ত মামলার ০৯.০৮.২০১০ তারিখের রায়ে সূত্রোক্ত ২নং স্মারকের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির চূড়ান্ত বরখাস্ত অনুমোদন আদেশ স্থগিত করা হয়। রিট পিটিশন নং ৬৫৭৯/২০১০ মামলার স্থগিতাদেশ অনুযায়ী নরসিংদী জেলার সদর উপজেলাধীন ইউএমসি দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসার সুপার পদে জনাব মনিরুজ্জামান বহাল আছেন মর্মে গণ্য।

বর্ণিত অবস্থায় নরসিংদী জেলার সদর উপজেলাধীন ইউএমসি দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসার সুপার পদে জনাব মনিরুজ্জামানকে যোগদান করানোর বিহিত ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৫.৯.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৫.০৯.২৫

১। সভাপতি, পরিচালনা কমিটি,
ইউএমসি দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা;
২। জনাব মনিরুজ্জামান, সুপার,
ইউএমসি দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা, পো: সদর, নরসিংদী।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/নরসিংদী-৬৫/১২৩ তারিখ: ১০ আশ্বিন ১৪৩২ / ২৫ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস(৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫;
৩. জেলা প্রশাসক, নরসিংদী;
৪. উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সদর, নরসিংদী (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৬. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী;
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নরসিংদী;
৮. সুপার/ভারপ্রাপ্ত সুপার, ইউএমসি দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা, পো: ইউএমসি জুট মিলস, সদর, নরসিংদী;
৯. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................... শাখা, সদর, নরসিংদী;
১০. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১১. অফিস কপি।

২৫.০৯.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৫.০৯.২৫